

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৭
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

বিষয়: বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক জুলাই অভ্যুত্থান নিয়ে নাচ, গান, থিয়েটার ও নাটকসহ বিভিন্ন ইভেন্টের সমন্বয়ে একটি বিশেষ পরিবেশনার আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোস্তফা সরয়ার ফারুকী
মাননীয় উপদেষ্টা
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ১৫ ডিসেম্বর ২০২৪
সময় : দুপুর ৩.৩০টা
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে গত ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখ বিকাল ৩.০০টায় অনুষ্ঠিত সভায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনা বাস্তবায়নের আলোকে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক জুলাই অভ্যুত্থান নিয়ে নাচ, গান, থিয়েটার ও নাটকসহ বিভিন্ন ইভেন্টের সমন্বয়ে একটি বিশেষ পরিবেশনা আয়োজনের নিমিত্ত সভায় আলোচনা হয়।

২.০ বিস্তারিত আলোচনান্তে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনের লক্ষ্যে সভায় নিম্নরূপ কর্মসূচি নির্ধারণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	'এ্যাক্রোবেটিক শো' এর পরিবর্তে নাচ, গান, থিয়েটার ও নাটকসহ বিভিন্ন ইভেন্টের সমন্বয়ে বিশেষ পরিবেশনা।	নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা যেতে পারে: (১) জুলাই অভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা-ঢোল পরিবেশনা আয়োজন, একটি লাঠি খেলা প্রদর্শনী আয়োজন, ভারতেশ্বরী হোমসের সহযোগিতায় একটি ডিসপ্লে আয়োজন, ড্রোনের সাহায্যে একটি অডিও-ভিজুয়াল শো আয়োজন যেখানে জুলাই অভ্যুত্থানসহ বাংলাদেশের জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়সমূহ চিত্রায়িত হবে এবং BAMBA এর সহযোগিতায় রক মিউজিক আয়োজন। (২) পরিবেশনাসমূহ আয়োজনের নিমিত্ত জাতীয় সংসদ ভবন এলাকা পরিদর্শন করতে হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি

৩.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি তারুণ্যের উৎসব-২০২৫ উদ্বোধনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোস্তফা সরয়ার ফারুকী
উপদেষ্টা

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.২৩.১৭৯.২৪. ৫৬৫

তারিখ : ০৭ পৌষ ১৪৩১
২২ ডিসেম্বর ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
২. ড. শাহমান মৈশান, সহযোগী অধ্যাপক, থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. পরিচালক, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৪. পরিচালক, সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।


২২/১২/২০২৪

(আয়েশা সিদ্দিকা)
উপসচিব

ফোন: ০২-৫৫১০০২৯০

ই-মেইল: sas7@moca.gov.bd